

**হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষাসমূহ ব্যাঙ্কার এবং গ্রাহকের মধ্যে সেতুর কাজ করতে পারে:  
ড. রঘুরাম রাজন, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, জুন 19, 2015**

**আলোকচিত্রাবলী**

“সম্প্রতি এরকম বহু ঘটনা ঘটেছে যেখানে দরিদ্র মানুষের টাকাপয়সা পঞ্জি প্রকল্প মারফত হরণ করা হয়েছে। অতি প্রায়শঃ মানুষ তাঁর সারা জীবনের উপার্জন এইসকল প্রকল্প মারফত খুইয়ে ফেলে। সরকার এবং ব্যাঙ্কিং শিল্পক্ষেত্রের দায়িত্ব যাঁদের টাকাপয়সা রয়েছে, অথচ নিজের বোধগম্য ভাষায় প্রথাগত ব্যাঙ্কিং চ্যানেলে পৌঁছতে পারেন না, তাঁদেরকেও ব্যাঙ্কিং সুবিধা প্রদান করা। আমাদেরও আর্থিক সাক্ষরতা কর্মসূচীর ব্যবস্থা করা উচিত সেই ভাষাতে, যা তাঁরা বুঝতে পারেন। এই প্রয়াসে, হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষাসমূহ ব্যাঙ্কার এবং গ্রাহকের মধ্যে সেতুবন্ধনের কাজ করতে পারে।”

ড: রঘুরাম জি. রাজন, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক মুম্বই-তে আজ একথা বলেন। তিনি বিজয়ী ব্যাঙ্কদের [2013-14 সালের জন্য রাজভাষা শিল্ড](#) দিয়ে পুরস্কৃত করছিলেন।

পুরস্কার-জয়ী ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অভিনন্দন জ্ঞাপন করতে গিয়ে শ্রী এস.এস. মুন্ড্রা, ডেপুটি গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, বলেন যে আজ ব্যাঙ্কিং মাধ্যম (ইন্টারফেস) দ্রুত পরিবর্তনশীল। আজ তা ইন্ট-বালি-পাথরের শাখা-কার্যালয় এবং কম্পিউটার ব্যাঙ্কিং-ব্যবস্থা থেকে মোবাইল ব্যবস্থায় চলে গিয়েছে। বেশী বেশী মানুষকে আওতায় আনার লক্ষ্যে ব্যাঙ্কিং প্রতিনিধি (করেসপন্ডেন্ট) মারফত ব্যাঙ্কিং সুবিধা প্রদানের প্রয়াস করা হচ্ছে। ব্যাঙ্কিং ব্যবস্থার প্রভাব প্রসারিত হওয়ার সঙ্গে, এর সঙ্গে সম্পর্কিত বিষয়গুলিরও পরিবর্তন হচ্ছে। এই উন্নত প্রযুক্তিব্যবস্থার যুগে, হ্যাঙ্কিং-সংক্রান্ত বিষয়গুলি একটি গভীর আশঙ্কার কারণ হিসাবে দেখা দিচ্ছে। আমাদের দায়িত্ব হল গ্রাহকগণের সাইবার সুরক্ষা এবং প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সাবধানতা বিষয়ে সচেতনতার বিকাশ ঘটানো। আমি মনে করি, হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষাসমূহ আমাদের এই দায়িত্ব পূরণ করতে সহায়তা করবে।

শ্রী কে.কে. ভোরা, নির্বাহী অধিকর্তা, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কসমূহ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অভ্যর্থনা জ্ঞাপন করেন এবং শ্রীমতী সুরেকা মারান্ডি, মূখ্য মহাপ্রবন্ধক (রাজভাষা), ধন্যবাদ প্রস্তাব দেন।

অনুষ্ঠানটিতে ব্যাঙ্কসমূহ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান এবং বরিষ্ঠ নির্বাহীগণ উপস্থিত ছিলেন।

**সঙ্গীতা দাস**  
অধিকর্তা

**প্রেস বিজ্ঞপ্তি : 2014-2015/2699**